

আইআইইউসি ফুটবল দলের সংবর্ধনা অনুষ্ঠানে ভিসি প্রফেসর ড. আজহার

## আইআইইউসি মেধা ও প্রতিভার বিকাশকে সমান গুরুত্ব দেয়

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেছেন আইআইইউসি মেধা ও প্রতিভার বিকাশকে সমান গুরুত্ব দেয়।

আজ শনিবার সকালে আইআইইউসি'র স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশন (এসটিএডি) আয়োজিত দখিনা আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন আইআইইউসি'র ফুটবল দলের এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম এ অভিমত ব্যক্ত করেন। আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর ড. দেলাওয়ার হোসেনের সভাপতিত্বে এ আয়োজনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বোর্ড অব ট্রাস্টীজের সদস্য প্রফেসর আহসান উল্লাহ, ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. আবদুল হামিদ চৌধুরী এবং রেজিস্ট্রার কর্নেল মোহাম্মদ কাসেম পিএসসি (অবঃ)। অনুষ্ঠান পরিচালনা করেন স্ট্যাড এর অতিরিক্ত পরিচালক কবি চৌধুরী গোলাম মাওলা।



উল্লেখ্য গতকাল শুক্রবার দখিনা আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল ফাইনালে সাদার্ন ইউনিভার্সিটিকে ৩-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেন, আইআইইউসি'র ছাত্ররা শুধু শিক্ষা ক্ষেত্রে নয়, ক্রীড়া, সংস্কৃতি এবং প্রযুক্তির নানাবিধ প্রতিযোগিতামূলক ক্ষেত্রে যোগ্যতা ও পারদর্শিতার স্বাক্ষর রেখেছে। আইআইইউসি'র ভাবমূর্তি উজ্জ্বল করেছে, সম্মান বয়ে এনেছে। এই কৃতিত্ব ও সম্মানের ধারাবাহিকতা রক্ষা করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম ফুটবল খেলোয়াড়দের ফুল দিয়ে অভিনন্দন জানান। খেলোয়াড়রা চ্যাম্পিয়ন ট্রফি ভাইস চ্যান্সেলরের হাতে তুলে দেন।

এদিকে আইআইইউসি'র ফুটবল দল ক্যাম্পাসে এসে পৌঁছুলে ছাত্ররা উল্লাসে ফেটে পড়ে। খেলোয়াড়দের নিয়ে একটি বর্ণাঢ্য র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। --প্রেস বিজ্ঞপ্তি